তারিখ ...13. FEB 1991...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৬...

দৈনিক বাংলা

১৩

# টেস্ট পরীক্ষা না নেয়ার দাবীতে বোমাবাজি ঃ টঙ্গি কলেজ বন্ধ ঘোষণা

।। নিজস্ব সংবাদদাতা ।।

টঙ্গী, ১২ই ফেব্রুয়ারী।– পরীক্ষা ছাড়াই এইচএসসি নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ করে দেয়ার দাবীতে আজ

(৪–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## কলেজ বন্ধ ঘোষণা

(প্রথম পৃষ্ঠার পর)

সকালে টঙ্গী সরকারী কলেজের ছাত্ররা তাদের পরীক্ষা পণ্ড করে দিয়েছে। কলেজ প্রাঙ্গণে হাঙ্গামা সৃষ্টি করায় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

পরীক্ষা শুরুর এক ঘন্টা আগে ছাত্ররা কলেজের ক্লাস রুমসমূহে তালা লাগিয়ে দেয়। তারা ১০/১২টি ককটেলের বিস্ফোরণ ঘটায়। টেলিফোনের তার ছিঁড়ে ফেলে। শিক্ষকদের অফিসে ঢুকতে বাধা দেয়। তারা লাঠি সোটা নিয়ে দৌড়া দৌড়ি করে কলেজ প্রাঙ্গণে সন্ত্রাস সৃষ্টি করে।

পরে অধ্যক্ষের পদত্যাগের দাবীতে রাস্তায় একটি বিক্ষোভ মিছিল বের করে।

শিক্ষকরা জানান, এই পরিস্থিতির অবসান না হওয়া পর্যন্ত তারা ক্লাস নেবেন্না।